

উপজেলা স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির সভায় কার্য বিবরণী।

স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ (ইছামতি)।

গাবতলী, বগুড়া।

তারিখঃ ১৩/১১/২০২১ খ্রিঃ সময় সকাল : ১১.৩০ মিনিট।

সভাপতি : মোছাঃ রেকসেনা আকতার

ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, গাবতলী, বগুড়া।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক' তে দৃষ্টব্য।

ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, গাবতলী, বগুড়া এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভায় সভাপতি ও উপস্থিত সকল সদস্য বৃন্দকে স্বাগতম জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর তিনি সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচিঃ -০১ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

সভায় সহকারী প্রকৌশলী গত মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও দৃঢ় হয়।

আলোচ্যসূচিঃ -০২ গাবতলী উপজেলার স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন :


সভায় সহকারী প্রকৌশলী জানান চলতি অর্থ বৎসরের অগ্রাধিকারমূলক প্রকল্পের আওতায় ২৮৬টি ডনংঅর্গভীর তারা তারা নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দগুলির মধ্যে ৫০% অর্থাৎ ১৪৩ তারা নলকূপের স্থান তালিকা মাননীয় এমপি মহোদয় প্রদান করবেন ও অবশিষ্ট ৫০% অর্থাৎ ১৪৩ তারা নলকূপের স্থান তালিকা ওয়াটসান কমিটি প্রদান করবে। নলকূপের সহায়ক চাঁদা ২৫০০/- অধিদপ্তর কর্তৃক নির্ধারিত। যাতে করে উপজেলার জনগণ নলকূপটি কে নিজের মনে করে দেখা শুনা করতে পারে। সভায় বিস্তারিত আলোচনা শেষে সকল সদস্য বৃন্দ সর্বসম্মতি ক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। নলকূপের স্থান তালিকা অতি শীঘ্রই জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। নলকূপের সহায়ক চাঁদা বিডি আকারে জরুরী ভিত্তিতে জমা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। মাঠ পর্যায়ে নলকূপ গুলি স্থাপন সুষ্ঠুভাবে হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্য বৃন্দকে সভা পরিচালনায় সহযোগিতা করার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


সভাপতি

(মোছাঃ রেকসেনা আকতার)

উপজেলা ভাইস চেয়ারম্যান

ও

স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।

স্মারক নংঃ- ৪৬.২০৩.১০৪০.৩০১.৫২.১২.৫২-. ১৪১


অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, গাবতলী, বগুড়া।

২। উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া।

৩। চেয়ারম্যান..... ইউনিয়ন, গাবতলী, বগুড়া।

তারিখঃ- ১৩/১১/২০২১ খ্রিঃ








সহকারী প্রকৌশলী

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

গাবতলী, বগুড়া

উপস্থিত সদস্যবৃন্দের পদবী ও স্বাক্ষর :

ক্রঃ নং	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাবতলী, বগুড়া।	সভাপতি	
০২	চেয়ারম্যান, নেপালতলী ইউপি, গাবতলী, বগুড়া।	সদস্য	
০৩	চেয়ারম্যান, দুর্গাহাটা ইউপি, গাবতলী, বগুড়া।	সদস্য	শ্রী: 
০৪	চেয়ারম্যান, নাড়ুয়ামালা ইউপি, গাবতলী, বগুড়া।	সদস্য	
০৫	চেয়ারম্যান, বালিয়াদিঘী ইউপি, গাবতলী, বগুড়া।	সদস্য	
০৬	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), গাবতলী, বগুড়া।	সদস্য-সচিব	